উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তিতাস, কুমিল্লা
পত্র প্রাপ্তি নং- ১১৫৫ তাং ...
তাং- ২৭/১২/২৩ শাখা/অফিস

AP

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
জুডিসিয়াল মুন্সিখানা শাখা
কুমিল্লা
www.comilla.gov.bd

মোঃ নাজমুল হাসান
উপজেলা নির্বাহী অফিসার
তিতাস, কুমিল্লা।

## গণবিজ্ঞপ্তি

কুমিল্লা জেলা ম্যাজিস্ট্রেসির আওতাধীন সকল আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারী এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী নির্ধারিত স্থানে যথাযথভাবে ২০২৪ সালের জন্য আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়ন করা হবে। যথাসময়ে নবায়ন স্থানে উপস্থিত হয়ে স্ব-স্ব অস্ত্র প্রদর্শন সাপেক্ষে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নম্বর- ৪৪.০০.০০০০.০৭৭.৩৯.০০১.১৫-৮২৬, তারিখ-০৩/০৮/২০১৬ অনুযায়ী জারীকৃত আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা-২০১৬ এর নির্দেশনার আলোকে নির্ধারিত নবায়ন ফি জমা প্রদানের মাধ্যমে আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। লাইসেন্স নবায়নের লক্ষ্যে দায়িত্ব পালনের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাদের নামের পার্শ্বে উল্লিখিত অধিক্ষেত্রে নিয়োগ করা হলো:

| ক্রম | যে উপজেলা/এলাকার আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়ন করা হবে | লাইসেন্স নবায়নের স্থান | নবায়নের তারিখ | সময় | নবায়নকারী কর্মকর্তাগণের নাম |
|---|---|---|---|---|---|
| ০১ | কুমিল্লা সিটি কর্পোরেশন ও আদর্শ সদর উপজেলা এলাকা | জেলা প্রশাসকের কার্যালয়, জে এম শাখা, কুমিল্লা | ১৩/১২/২০২৩ হতে ১৪/১২/২০২৩ তারিখ পর্যন্ত | সকাল ১০টা-বিকাল ৪টা | জনাব সৌম্য চৌধুরী, বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ও সহকারী কমিশনার, কুমিল্লা। |
| ০২ | কুমিল্লা ক্যান্টনমেন্ট এলাকা | ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসারের কার্যালয়, কুমিল্লা ক্যান্টনমেন্ট | ১৭/১২/২০২৩ | সকাল ১০টা-বিকাল ৪টা | জনাব মোঃ মেহেদী হাসান, সহকারী কমিশনার (ভূমি), আদর্শ সদর, কুমিল্লা। |
| ০৩ | দাউদকান্দি ও মেঘনা উপজেলা | উপজেলা ভূমি অফিস, দাউদকান্দি, কুমিল্লা | ১৫/০১/২০২৪ | সকাল ১০টা-বিকাল ৪টা | জনাব মোঃ জিয়াউর রহমান, সহকারী কমিশনার (ভূমি), দাউদকান্দি, কুমিল্লা। |
| ০৪ | হোমনা উপজেলা | উপজেলা ভূমি অফিস, হোমনা, কুমিল্লা | ১৬/০১/২০২৪ | সকাল ১০টা-দুপুর ১টা | জনাব ইউছুফ হাসান, সহকারী কমিশনার (ভূমি), হোমনা, কুমিল্লা। |
| ০৫ | তিতাস উপজেলা | উপজেলা ভূমি অফিস, তিতাস, কুমিল্লা | ১৬/০১/২০২৪ | দুপুর ২টা-বিকাল ৪টা | জনাব আশিক-উর-রহমান, সহকারী কমিশনার (ভূমি), তিতাস, কুমিল্লা। |
| ০৬ | মুরাদনগর উপজেলা | উপজেলা ভূমি অফিস, মুরাদনগর, কুমিল্লা | ১৭/০১/২০২৪ | সকাল ১০টা-বিকাল ৪টা | জনাব নাসরিন সুলতানা নিপা, সহকারী কমিশনার (ভূমি), মুরাদনগর, কুমিল্লা। |
| ০৭ | দেবিদ্বার উপজেলা | উপজেলা ভূমি অফিস, দেবিদ্বার, কুমিল্লা | ১৮/০১/২০২৪ | সকাল ১০টা-বিকাল ৪টা | জনাব মোঃ রায়হানুল ইসলাম, সহকারী কমিশনার (ভূমি), দেবিদ্বার, কুমিল্লা। |
| ০৮ | লাকসাম উপজেলা | উপজেলা ভূমি অফিস, লাকসাম, কুমিল্লা | ২১/০১/২০২৪ | সকাল ১০টা-দুপুর ১টা | জনাব ফারহানুর রহমান, সহকারী কমিশনার (ভূমি), লাকসাম, কুমিল্লা। |
| ০৯ | মনোহরগঞ্জ উপজেলা | উপজেলা ভূমি অফিস, মনোহরগঞ্জ, কুমিল্লা | ২১/০১/২০২৪ | দুপুর ২টা-বিকাল ৪টা | জনাব এনামুল হাসান, সহকারী কমিশনার (ভূমি), মনোহরগঞ্জ, কুমিল্লা। |
| ১০ | সদর দক্ষিণ উপজেলা | উপজেলা ভূমি অফিস, সদর দক্ষিণ, কুমিল্লা | ২২/০১/২০২৪ | সকাল ১০টা-দুপুর ১টা | জনাব মোঃ আবদুর রহমান, সহকারী কমিশনার (ভূমি), সদর দক্ষিণ, কুমিল্লা। |

Scanned with OKEN Scanner

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১১ | লালমাই উপজেলা | উপজেলা ভূমি অফিস, লালমাই, কুমিল্লা | ২২/০১/২০২৪ | দুপুর ২টা-বিকাল ৪টা | জনাব নাছরীন আক্তার, সহকারী কমিশনার (ভূমি), লালমাই, কুমিল্লা। |
| ১২ | নাঙ্গলকোট উপজেলা | উপজেলা ভূমি অফিস, নাঙ্গলকোট, কুমিল্লা | ২৩/০১/২০২৪ | সকাল ১০টা-বিকাল ৪টা | জনাব মোহাম্মদ আশরাফুল হক, সহকারী কমিশনার (ভূমি), নাঙ্গলকোট, কুমিল্লা। |
| ১৩ | চৌদ্দগ্রাম উপজেলা | উপজেলা ভূমি অফিস, চৌদ্দগ্রাম, কুমিল্লা | ২৪/০১/২০২৪ | সকাল ১০টা-বিকাল ৪টা | জনাব তমালিকা পাল, সহকারী কমিশনার (ভূমি), চৌদ্দগ্রাম, কুমিল্লা। |
| ১৪ | বরুড়া উপজেলা | উপজেলা ভূমি অফিস, বরুড়া, কুমিল্লা | ২৫/০১/২০২৪ | সকাল ১০টা-বিকাল ৪টা | জনাব মোঃ মঈন উদ্দিন, সহকারী কমিশনার (ভূমি), বরুড়া, কুমিল্লা। |
| ১৫ | চান্দিনা উপজেলা | উপজেলা ভূমি অফিস, চান্দিনা, কুমিল্লা | ২৮/০১/২০২৪ | সকাল ১০টা-বিকাল ৪টা | জনাব উম্মে হাবিবা মজুমদার, সহকারী কমিশনার (ভূমি), চান্দিনা, কুমিল্লা। |
| ১৬ | বুড়িচং উপজেলা | উপজেলা ভূমি অফিস, বুড়িচং, কুমিল্লা | ২৯/০১/২০২৪ | সকাল ১০টা-দুপুর ১টা | জনাব মোঃ ছামিউল ইসলাম, সহকারী কমিশনার (ভূমি), বুড়িচং, কুমিল্লা। |
| ১৭ | ব্রাহ্মণপাড়া উপজেলা | উপজেলা ভূমি অফিস, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা | ২৯/০১/২০২৪ | দুপুর ২টা-বিকাল ৪টা | জনাব মোহাম্মদ কাউছার হামিদ, সহকারী কমিশনার (ভূমি), ব্রাহ্মণপাড়া, কুমিল্লা। |

ধার্যকৃত তারিখ ব্যতিত ২৮/০২/২০২৪ তারিখ পর্যন্ত অন্যান্য কর্মদিবসে জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা'র জে এম শাখায় সকল জেলার আগ্নেয়াস্ত্রের লাইসেন্স নবায়ন করা হবে।

## আগ্নেয়াস্ত্র নবায়নের শর্তাবলী

১। আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা-২০১৬ এর ৩০.ক.১ অনুচ্ছেদ অনুযায়ী ব্যক্তি পর্যায়ে পিস্তল/রিভলবার লাইসেন্স এর ক্ষেত্রে বাৎসরিক নবায়ন ফি ১০,০০০/- (দশ হাজার) টাকা এবং বন্দুক/শটগান/রাইফেল লাইসেন্স এর ক্ষেত্রে বাৎসরিক নবায়ন ফি ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা।

২। অনুচ্ছেদ ৩০.ক.২ অনুযায়ী আর্থিক প্রতিষ্ঠান বা ব্যাংক পর্যায়ে লং ব্যারেল অস্ত্রের বাৎসরিক নবায়ন ফি ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা।

৩। নীতিমালার ৩০.ক.৩ অনুচ্ছেদ অনুযায়ী প্রতিষ্ঠান পর্যায়ে লং ব্যারেল অস্ত্রের লাইসেন্স নবায়ন ফি ১০,০০০/- (দশ হাজার) টাকা।

৪। নীতিমালা ৩০.ক.৪ অনুচ্ছেদ অনুযায়ী ডিলার ও মেরামতকারী প্রতিষ্ঠানের লাইসেন্স নবায়ন ফি ২০,০০০/- (বিশ হাজার) টাকা।

৫। নীতিমালার ৩০.ক.৫ অনুচ্ছেদ অনুযায়ী সেফ কিপিং লাইসেন্স নবায়ন ফি ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা।

৬। নীতিমালার ৩১.ঙ অনুচ্ছেদ অনুযায়ী ধারাবাহিকভাবে পাঁচ বছরের অধিককাল আগ্নেয়াস্ত্রের লাইসেন্স নবায়ন না করা হলে নবায়নের কোন আবেদন বিবেচিত হবে না। সেক্ষেত্রে জেলা ম্যাজিস্ট্রেট লাইসেন্স বাতিলপূর্বক আগ্নেয়াস্ত্র বাজেয়াপ্ত করবেন।

৭। নীতিমালার ৩১.ছ অনুচ্ছেদ অনুযায়ী প্রতিবার লাইসেন্স নবায়নের ক্ষেত্রে আবশ্যিকভাবে লাইসেন্সধারীর সাক্ষাৎকার এবং অস্ত্র ব্যবহারে শারীরিক ও মানসিক সক্ষমতা নিশ্চিত হয়ে লাইসেন্স নবায়ন করতে হবে। তবে লাইসেন্সধারীর বয়স ৮০ বছরের উর্ধ্বে হলে লাইসেন্স নবায়নযোগ্য হবে না।

৮। নীতিমালার ৩৫.ক অনুচ্ছেদ অনুযায়ী আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রাপ্তির পাঁচ বছরের মধ্যে অস্ত্র ক্রয় না করলে উক্ত লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গন্য হবে। বাতিলকৃত লাইসেন্স পুনর্বহাল করা যাবে না।

৯। ফি-মুক্ত লাইসেন্সধারী ব্যতিত অন্যান্য আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারী নবায়ন ফি ১-২২১১-০০০০-১৮৫৯ নং খাতে, নবায়ন ফি এর উপর ১৫% হারে ভ্যাট বাবত ১-১১৩৩-০০৪০-০৩১১ নং খাতে ও ১০% উৎস কর বাবত ১-১১৪১-০১৩০-০১১১ নং খাতে ট্রেজারী চালানের মাধ্যমে সোনালী ব্যাংক জমা প্রদান করে চালানের মূলকপি দাখিল করতে হবে।

১০। লাইসেন্স নবায়নের সময় লাইসেন্সধারী ব্যক্তিগণকে স্ব-স্ব আগ্নেয়াস্ত্র এবং গুলি/কার্তুজ প্রদর্শন করতে হবে।

১১। আগ্নেয়াস্ত্র থানা অথবা সেফ কিপিং প্রতিষ্ঠানে জমা থাকলে জিডির কপি/ জমার রশিদ নবায়নের সময়ে প্রদর্শন করতে হবে। জিডির কপি/জমার রশিদ হালনাগাদ হতে হবে, পুরাতন জিডির কপি/জমার রশিদ গ্রহণ করা হবে না।

Scanned with OKEN Scanner

১২। লাইসেন্সধারী ব্যক্তি অস্ত্র বিক্রয় করে থাকলে তার লাইসেন্স বাতিল হয়েছে মর্মে গণ্য হবে এবং উক্ত লাইসেন্স নবায়ন করা যাবে না।

খন্দকার মু: মুশফিকুর রহমান
জেলা ম্যাজিস্ট্রেট
কুমিল্লা
ফোন-০২৩৩৪৪০০৩০১
dccomilla@mopa.gov.bd

স্মারক নম্বর- ০৫.২০.১৯০০.০১৫.৩৫.১২৪.২৩-৩২৫৪

তারিখ : ২৭ অগ্রহায়ণ ১৪৩০
১২ ডিসেম্বর ২০২৩

অনুলিপি-সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

৩। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, (সকল)।

৪। পুলিশ সুপার, জেলা বিশেষ শাখা, (সকল)।

৫। ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, কুমিল্লা ক্যান্টনমেন্ট, কুমিল্লা। বিষয়টি কুমিল্লা ক্যান্টনমেন্ট অধিক্ষেত্রাধীন আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারী অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৬। উপজেলা নির্বাহী অফিসার, (সকল), কুমিল্লা। বিজ্ঞপ্তিটি তার উপজেলায় মাইকযোগে ব্যাপকভাবে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৭। নেজারত ডেপুটি কালেক্টর, কুমিল্লা। আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়ন কর্মসূচি অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তাগণের যাতায়াতের লক্ষ্যে যানবাহন সরবরাহের জন্য অনুরোধ করা হলো।

৮। জনাব........................, সহকারী কমিশনার (ভূমি), কুমিল্লা (সকল)।

৯। সিনিয়র তথ্য অফিসার, জেলা তথ্য অফিস, কুমিল্লা। বিজ্ঞপ্তিটি কুমিল্লা জেলার সর্বত্র বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

১০। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা। বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১১। ডিজিএম/এজিএম/ভিপি/এসএভিপি/এভিপি (হেড অফ ব্রাঞ্চ)........................ব্যাংক্ লিঃ কুমিল্লা। তার আওতাধীন সংশ্লিষ্ট ব্যাংক শাখাকে বিষয়টি অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১২। অফিসার ইন-চার্জ, থানা (সকল), কুমিল্লা। তার থানা এলাকাধীন আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারী বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হল এবং আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীর তালিকাসহ লাইসেন্স নবায়ন স্থানে একজন কর্মকর্তা প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

১৩। জনাব........................

জেলা ম্যাজিস্ট্রেট
কুমিল্লা